হ্যান্ডআউট

০/১ কম্পিউটার দক্ষতাঃ কম্পিউটার এর বিভিন্ন অংশ এবং মাউস

হ্যান্ডআউটঃ তথ্য-প্রযুক্তি সম্পর্কিত শব্দকোষ

অ্যাপ্লিকেশন
ব্যবহারকারীর নির্দিষ্ট কাজ করার জন্য অনেকগুলো প্রোগ্রাম যখন একসাথে কাজ করা প্রয়োজন হয় তখন তাকে আমরা অ্যাপ্লিকেশন বলতে পারি। যেমন ধর, তুমি যদি একটা চিঠি লিখতে চাও তুমি মাইক্রোসফট ওয়ার্ডের মত কোন একটা ওয়ার্ড প্রসেসিং প্রোগ্রাম ব্যবহার করবে যা হল ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন এর একটি অংশ। তুমি যখন অনেকগুলো ডাটা বা তথ্য গুছানোর কাজ করবে তখন ডাটা ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন তোমার প্রয়োজন হবে। ভিন্ন ভিন্ন কাজের জন্য ভিন্ন ভিন্ন অ্যাপ্লিকেশন প্রোগ্রাম রয়েছে।

ক্লিক
মাউসের বোতাম চাপার নাম হল ক্লিক। এটা বাম বোতাম ক্লিক, ডান বোতাম ক্লিক বা দ্বৈত ক্লিক হতে পারে।

সিডি ড্রাইভ
এটা একটি যন্ত্রাংশ যা সিডি-রম চালাতে ব্যবহৃত হয়।

সিডি-রম
সিডি-রম মানে হল কম্প্যাক্ট ডিস্ক রীড ওনলি মেমোরী। এটা এমন ধরনের তথ্যকে ধারন করে যা একবার এখানে রাখার পর আর পরিবর্তন করা যাবে না কিন্তু অন্য স্থানে কপি করা বা এর অনুলিপি তৈরি করা যাবে ।

কম্পিউটার
এটা এমন একটা মেশিন যেটি কোন ডাটা গ্রহণ করে, তা প্রক্রিয়াজাত করে, সংরক্ষণ করে এবং ডাটা তৈরি করে। অন্যভাবে বললে একে ৪টি মূল শব্দ দিয়ে বলা যায়ঃ ইনপুট, প্রসেস, স্টোরেজ, আউটপুট। একটি কম্পিউটার প্রধানত দুইটি অংশে বিভক্তঃ হার্ডওয়্যার ও সফটওয়্যার।

একটি কম্পিউটার দু ধরনের যন্ত্রাংশের সমন্বয়ে তৈরি হয়ঃ
ইনপুট যন্ত্রাংশঃ যে সব যন্ত্রাংশ কম্পিউটারে তথ্য বা ডাটা প্রবেশ করানোর জন্য ব্যবহৃত হয় সেগুলোকে ইনপুট যন্ত্রাংশ বলে। যেমনঃ কী-বোর্ড, মাউস এবং ডিজিটাল ক্যামেরা।

আউটপুট যন্ত্রাংশঃ যে যন্ত্রাংশগুলো ব্যবহার করা হয় কম্পিউটার থেকে প্রয়োজনীয় তথ্য পাওয়ার জন্য সে গুলোকে আউটপুট যন্ত্রাংশ বলে। যেমনঃ মনিটর/স্ক্রীন, প্রিন্টার, স্ক্যানার এবং স্পীকার।

সিপিইউ (সেন্ট্রাল প্রসেসিং ইউনিট)
এটা কম্পিউটার এর সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ যা এর হৃৎপিন্ড হিসেবে কাজ করে। এখানে কম্পিউটারের যাবতীয় প্রক্রিয়াকরণের কাজ হয়ে থাকে। একে কম্পিউটার এর মগজও বলা হয়ে থাকে।

ডাটা
যে কোন ধরনের তথ্যকে ডাটা বলে। যেমনঃ ছবি, লেখা, ভিডিও, গেমস ও অঙ্কন চিত্র যা কিছু কম্পিউটারে প্রবেশ করানো এবং সংরক্ষণ করা যায় তা সবই ডাটা।

ই-মেইল
ই-মেইল হল ইলেক্ট্রনিক মেইল বা চিঠি, ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগের একটি মাধ্যম এটি।

ফ্লপি ডিস্ক
এটা এমন একটি যন্ত্রাংশ যেখানে তুমি ডাটা রাখতে পার এবং তা পরিবর্তন করতে পারো।

ফ্লপি ড্রাইভ
এটি ফ্লপি ডিস্ক চালানোর যন্ত্র।

হার্ড কপি
এটা হল কাগজের উপর প্রিন্ট নেয়া যে কোন ডকুমেন্ট বা কাজ যা হাতে ছুঁয়ে দেখা যায়। আর যে কাজ বা ডাটা কম্পিউটার স্ক্রীনে শুধু দেখা যায় কিন্তু ছুঁইয়ে দেখা যায় না, তাকে সফট কপি বলে।

হার্ড ড্রাইভ
এটা কম্পিউটার এর একটি অংশ যেখানে সকল ডাটা সংরক্ষণ করা হয়, এটা কম্পিউটার এর ভেতরে থাকে।

হার্ডওয়্যার
কম্পিউটার এর দৃশ্যমান অংশগুলোকে হার্ডওয়্যার বলে, যেমন মনিটর/স্ক্রীন, কী-বোর্ড, মাউস অথবা সিস্টেম ইউনিট।

আইকন
আইকন হল এক ধরনের ছবি। সাধারণত ফাইল, ফোল্ডার বা অ্যাপি-কেশান বোঝাতে এই ভিন্ন ভিন আইকনগুলো ব্যবহৃত হয়। আইকনগুলোর উপর দ্বৈত ক্লিক করে তুমি ফাইল বা ফোল্ডারটি খুলতে পারো।

আইসিটি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

ইন্টারনেট
একাধিক কম্পিউটার এর মধ্যে আন্তর্জাতিক নেটওয়ার্ক। এর মাধ্যমে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন কম্পিউটার একসাথে সংযুক্ত থাকে এবং প্রত্যেকে তাদের বিভিন্ন ডকুমেন্ট বিনিময় করতে পারেন।

কী-বোর্ড
কী-বোর্ড দিয়ে সবকিছু টাইপ করে কম্পিউটারে প্রবেশ করাতে হয়, এটা টাইপ রাইটারের মত একটা কী-বোর্ড।

মাউস
মাউস হল হাতে ব্যবহার করার একটি ছোট যন্ত্র যা দিয়ে মনিটরে/স্ক্রীনে কোন কিছুকে নির্দিষ্ট করে দেখানো, ক্লিক করা অথবা মনিটরে কোন কিছুকে সরানো হয়ে থাকে। এর ডানে ও বামে দুইটি বোতাম থাকে।

অপারেটিং সিস্টেম
এটা হল যে কোন সফটওয়্যার যেমন মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার-পয়েন্ট চালানোর জন্য অনিবার্য একটা প্লাটফরম। এর মধ্যে উইন্ডোজ, ম্যাক ওএস, ইউনিক্স এবং লিনাক্স উল্লেখযোগ্য।

পিসি
পার্সোনাল কম্পিউটারঃ এটা এমন একটা কম্পিউটার যা একই সময়ে শুধু একজন ব্যবহার করতে পারে কারণ এর মূল অংশ (সিপিইউ) একটা সময়ে শুধুমাত্র একজন ব্যবহারকারীর চাহিদা পূরণ করতে পারে।

র‍্যাম
র‍্যাম মানে হল র‍্যান্ডম এক্সেস মেমোরি। এটা হল অস্থায়ীভাবে ডাটা ধারণ করার একটা যন্ত্রাংশ, কোন একটি কাজ করার সময় কিছু অনুলিপি তৈরি করতে গেলে তা অস্থায়ীভাবে র‍্যামে এ জমা থাকে। তুমি কাজ শেষ করার আগে বিদ্যুৎ চলে গেলে কম্পিউটার থেকে এই ডাটা হারিয়ে যাবে।

স্ক্রল
স্ক্রল মানে হল স্ক্রীনে দেখানো বিষয়বস্তুকে উপরে নিচে বা ডানে বামে সরিয়ে নেয়া। কম্পিউটারে দুইটি স্ক্রল বার থাকে একটি আনুভূমিকভাবে অন্যটি খাড়াভাবে।

সফটওয়্যার
এটা হল তুমি কিছু করার জন্য কম্পিউটারকে যে ধরনের প্রয়োজনের নির্দেশনা দিয়ে থাকো। যেমনঃ টাইপ করার জন্য মাইক্রোসফট ওয়ার্ড এবং উপস্থাপনের জন্য মাইক্রোসফট পাওয়ার-পয়েন্ট।

সিস্টেম ইউনিট
এটা এক ধরনের কেস যার ভিতরে কম্পিউটার এর সব অংশ যেমন সিপিইউ, হার্ড ড্রাইভ, ফ্লপি ড্রাইভ, সিডি ড্রাইভ এবং র‍্যাম থাকে।

ইউপিএস
বাংলায় একে বলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ। এটা এক ধরনের যন্ত্র যা বিদ্যুৎ চলে গেলে কিছুক্ষনের জন্য বিদ্যুৎ সরবরাহ দিয়ে তোমাকে কাজ চালিয়ে নিয়ে কম্পিউটার বন্ধ করে দিতে সাহায্য করে।

ভি ডি ইউ
ভিসুয়াল ডিসপে- ইউনিট। এটা মনিটর এর আরেক নাম। যা ডাটা প্রদর্শনের কাজে ব্যবহৃত হয়। এর কাজ হল কম্পিউটার এর ভিতরে কি হচ্ছে তা প্রদর্শন করা।

ডবি-উ ডবি-উ ডবি-উ
ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবঃ বিভিন্ন তথ্যের বিশ্বব্যাপী বিচরণের মাধ্যম।